

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৯৭

8/ জুমু'আ (كِتَاب الْجُمُعَةِ عَنْ رَسُولِ اللَّهِ ﷺ) 8/

পরিচ্ছেদঃ জুমু'আর দিনে উযূ করা।

باب مَا جَاءَ فِي الْوُضُوءِ يَوْمَ الْجُمُعَةِ

আরবী

حَدَّثَنَا أَبُو مُوسَى، مُحَمَّدُ بِنُ الْمُتَّنَى حَدَّثَنَا سَعِيدُ بِنُ سُفْيَانَ الْجَحْدَرِيُّ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنِ الْحَسَنِ، عَنْ سَمُرَةَ بِنِ جُنْدَبِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ تَوَضَّاً يَوْمَ الْجُمُعَةِ فَبِهَا وَبِعْمَتْ وَمَنِ اغْتَسَلَ فَالْغُسْلُ أَفْضَلُ ". قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَعَائِشَةَ وَأَنَسٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ سَمُرَةَ جَدِيثٌ حَسَنٌ . وقَدْ رَوَاهُ بَعْضُهُمْ رَوَاهُ بَعْضُهُمْ مَنْ الْبَعْضُ أَصِحْحَابٍ قَتَادَةَ عَنْ قَتَادَةً عَنْ اللّه عليه وسلم مُرْسَلٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ عَنْ قَتَادَةً عَنِ النّبِيّ صلى الله عليه وسلم مُرْسَلٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ الْجُمُعَةِ وَرَأُوا أَنْ يُجْزِيًّ الْوُضُوءُ مِنَ الْغُسُلِ يَوْمَ الْجُمُعَةِ أَتَهُ عَلَى الإِخْتِيَارِ لاَ عَلَى اللهُ عليه وسلم وَمَنْ بَعْدَهُمُ الخْتَارُوا الْغُسُلُ يَوْمَ الْجُمُعَةِ وَرَأُوا أَنْ يُجْزِيًّ الْوُضُوءُ مِنَ الْغُسُلِ يَوْمَ الْجُمُعَةِ أَتَهُ عَلَى الإِخْتِيَارِ لاَ عَلَى الْجُمُعَةِ وَرَأُوا أَنْ يُجْزِيًّ الْوُضُوءُ مِنَ الْغُسُلِ يَوْمَ الْجُمُعَةِ أَتَهُ عَلَى الإِخْتِيَارِ لاَ عَلَى اللهُجُوبِ حَدِيثُ عُمَرَ حَيْثُ قَالَ لِغُشْمانَ وَالْوضُوءَ أَيْضًا وَقَدْ عَلِمِتَ أَنَّ مُرَاللّهِ عَلَى اللهُ عَلَى اللهُ عليه وسلم أَمْرَ بِالْغُسُلِ يَوْمَ الْجُمُعَةِ أَيْفُ عَلَى الْإَخْرُقِ الْفُسُلِ يَوْمَ الْجُمُعَةِ . فَلَوْ عَلِمَا أَنَّ أَمْرَهُ عَلَى الْوُجُوبِ لاَ عَلَى اللهُ عليه وسلم أَمَرَ بِالْغُسُلِ يَوْمَ الْجُمُعَةِ . فَلَوْ عَلِمَا أَنَّ أَمْرَهُ عَلَى الْوُجُوبِ لاَ عَلَى الْخُمُعَةِ فِيهِ فَضُلُ مِنْ عَلَى الْفُسُلُ يَوْمَ الْجُمُعَةِ فِيهِ فَضُلُ مِنْ عَلَى الْمُمُعَةِ فِيهِ فَضُلًا مِنْ عَلَى الْمُرَادُ عَلَى الْمُحُوبُ عَلَى الْمُحُوبُ عَلَى الْمُرَادُ عَلَى الْمُوسُولُ الْمُ الْعُسُلُ يَوْمَ الْجُمُعَةِ فِيهِ فَضُلًا مِنْ عَلَى الْمُحُوبُ عَلَى الْمُحُوبُ عَلَى الْمُحُوبُ عَلَى الْمُحُوبُ فِي فَلَا الْحَدِيثِ أَنَّ الْغُسُلُ يَوْمَ الْجُمُعَةِ فِيهِ فَضُلًا مِنْ الْمُعَلِي عَلَى الْمُعَالِ عَلَى الْمُعَالِ عَلَى الْمُعَلِقُ عَلَى الْمُعَالِ عَلَى الْمُعَلِقِ عَلَى الْمُعَلِقِ عَلَى الْمُحْوقِ فِيهَ فَصَلَ

বাংলা

৪৯৭. আবৃ মূসা মুহাম্মদ ইবনুল মূসান্না (রহঃ) সামুরা ইবনু জুনদুব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ জুমআর দিন যে ব্যক্তি উযূ (ওজু/অজু/অযু) করল, সে কতইনা ভাল ও সুন্দর কাজ করল। আর যদি সে গোসল করে, তবে তা তার জন্য আফযল ও অতি উত্তম। - ইবনু মাজাহ



১০৯১,তিরমিজী হাদিস নম্বরঃ ৪৯৭ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবৃ হুরায়রা, আয়িশা ও আনাস রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ সামূরা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান। কাতাদা (রহঃ)-এর কতক শাগরিদ এই হাদীসটি কাতাদ ... হাসান সূত্রে সামুরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেছেন। তারা জুমুআর দিন গোসল করা পছন্দনীয় বলে বিধান দিয়েছেন। তবে তারা জুম্মার দিন গোসলের স্থলে উয়ু যথেষ্ট বলে মনে করেন। ইমাম শাফিঈ বলেনঃ জুমুআর দিন গোসল করা সম্পর্কিত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নির্দেশটি ওয়াজিব বা অবশ্য করণীয় নয়, বরং তা পছন্দনীয় বলে গণ্য। এর প্রমাণ হ'ল উমর রাদিয়াল্লাহু আনহ-এর এই হাদীসটি। তিনি উসমান রাদিয়াল্লাহু আনহু-কে বলেছিলেনঃ কেবল উয়ু করে এসেছেন? অথচ আপনি জানেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামজুমুআর দিন গোসল করার নির্দেশ দিয়েছেন। এই নির্দেশটি কেবল পছন্দনীয় হিসাবেই নয়, বরং অত্যাবশ্যকীয়, এই কথা যদি তারা জানতেন তবে অবশ্যই উমর রাদিয়াল্লাহু আনহু . উসমান রাদিয়াল্লাহু আনহু-কে এইভাবে ছেড়ে দিতেন না, বরং তাঁকে ফিরিয়ে দিতেন এবং বলতেনঃ ফিরে যান এবং গোসল করে আসুন। উসমান রাদিয়াল্লাহু আনহু-এর কাছেও বিষয়টি গোপন থাকত না, বরং এই হাদীসটি প্রমাণ করে যে, জুম্মার দিন গোসল করা ওয়াজিব নয়, তবে তা ফযীলতের বিষয়।

English

Samurah bin Jundah narrated that :

Allah's Messenger said: "Whoever performs Wudu on Friday, then he will receive the blessing, and whoever performs Ghusl then Ghusl is more virtuous."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ সামুরাহ ইবন জুনদুব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন